গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
bkkf.portal.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৩৪.০৫.০০০০.০০০.২২.১১৫.২৩ (অংশ)-৬৫ তারিখঃ ০৬/০২/২০২৬ খ্রি.

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক কৃতি ক্রীড়া শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন দাখিলের আহ্বান জানানো যাচ্ছে। ফাউন্ডেশনের ওয়েবসাইট bkkf.portal.gov.bd-এর ক্রীড়া শিক্ষা বৃত্তি সেবা-বক্সের ৩নং ক্রমিকে (ক্রীড়া শিক্ষা বৃত্তির জন্য আবেদন করুন) ক্লিক করে আবেদন করা যাবে অথবা sports-edu.onilne.info.bd টাইপ করে আবেদনের অনলাইন সফটওয়্যারে প্রবেশ করে নিজস্ব মোবাইল নম্বর (যদি থাকে) অথবা অভিভাবকের মোবাইল নম্বরের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করে আবেদন দাখিল করতে পারবেন।

শর্তাবলী

আবেদনকারীকে অবশ্যই ৫ম শ্রেণি হতে স্নাতকোত্তর পর্যায়ের অধ্যায়নরত ক্রীড়াবিদ হতে হবে

১। আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধনপত্র এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্র সংযুক্ত বাধ্যতামূলক;

২। আবেদনকারীর নিজস্ব হিসাব নম্বর, ব্যাংক শাখার রাউটিং নম্বর এবং ব্যাংক চেক-এর একটি পাতা বা ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত বাধ্যতামূলক;

৩। ক্রীড়া সম্পৃক্ততার সনদ সংযুক্ত বাধ্যতামূলক;

৪। প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র বাধ্যতামূলক;

৫। অধ্যয়নরত প্রতিষ্ঠানের পরিচয়পত্র সংযুক্ত করতে হবে;

৬। সকল ধরণের সনদ ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে;

অনলাইন আবেদন দাখিলের জন্য উপরোক্ত শর্তসমূহ সঠিকভাবে অনুসরণ করে ০৬/০২/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৭/০৩/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন দাখিল করা যাবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের সকল কার্যক্রম ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

নির্বাহী পরিচালক
জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
ফোনঃ +৮৮০ ২২৩৩৫৩৫৭১